**ANNEX 'A' T0**
**TEN NO: 277.07.026.26**
**DATE 02 SEP 26**

## SPECIFICATIONS OF NET MOSQUITO SINGLE

| Ser No | Description | | Specifications Specified | |
|---|---|---|---|---|
| ১। | দৈর্ঘ্য | ঃ | ৮৪ " ± ১১/২" | |
| ২। | প্রস্থ | ঃ | ৪৬" ± ১" | |
| ৩। | উচ্চতা | ঃ | ৭২" ± ১" | |
| ৪। | উপরের ক্যালিকোর পট্টির প্রস্থ | ঃ | ৩ ১/২" | |
| ৫। | উপরের পার্শ্বের ক্যালিকোর পট্টির প্রস্থ | ঃ | ৩ ১/২" | ± ১/২" |
| ৬। | নিচের ক্যালিকোর পট্টির প্রস্থ | ঃ | ১০" | |
| ৭। | বাধার ফিতার সংখ্যা | ঃ | ১০ টি | |
| ৮। | বাধার ফিতার প্রস্থ | ঃ | ১ " | |
| ৯। | বাধার ফিতার দৈর্ঘ্য | ঃ | ১০" ± ১" | |
| ১০। | মোট প্লেটের সংখ্যা | ঃ | ৩২ টি (প্রতি কোনায় ১ সেঃমিঃ গভীর,উভয় পার্শ্বে ৪টি করে মোট ৮টি) | |
| ১১। | সেলাই করা ক্রস টেপের সংখ্যা | ঃ | লম্বায় ০১ টি ও পার্শ্বে ০২টি। | |
| ১২। | ক্রস টেপের প্রস্থ | ঃ | ২.৫৪ সেঃ মিঃ / ১" | |
| ১৩। | মশারীর নেটের প্রতি বর্গ ইঞ্চিতে গোল ছিদ্রের সংখ্যা | ঃ | ২১০-২৪০ টি | |
| ১৪। | মশারীর নেটের উপাদান | ঃ | ১০০% পলিয়েষ্টার । | |
| ১৫। | মশারীতে ব্যবহৃত রং ও পরিমান | ঃ | পার্ল হোয়াইট ৭,৫০০ টি এবং বেবী পিংক ৭,৫০০ টি । | |
| ১৬। | মশারীর নেটের প্রতি বর্গমিটারের ওজন | ঃ | ৩০ গ্রাম ± ৫ গ্রাম । | |
| ১৭। | বাধার ফিতার উপাদান | ঃ | পলিয়েষ্টার: ৬৫% ± ৫/চুক্তির অনুমোদিত নমুনা মোতাবেক<br>কটন: ৩৫% ± ৫/চুক্তির অনুমোদিত নমুনা মোতাবেক | |
| ১৮। | ক্যালিকোর কাপড় | ঃ | চুক্তির অনুমোদিত নমুনা মোতাবেক | |
| ১৯। | ক্যালিকোর কাপড়ের প্রতি বর্গমিটারের ওজন | ঃ | ১১০ গ্রাম ± ১০ গ্রাম | |
| ২০। | ক্যালিকোর কাপড়ের উপাদান | ঃ | ১০০% পলিয়েষ্টার । | |
| ২১। | রং এর স্থায়িত্বতা | ঃ | ধৌত করন পরীক্ষা-২ ও সূর্য কিরণ পরীক্ষায় অপরিবর্তিত থাকিবে/গ্রেড ৪-৫ । | |

**ANNEX 'B' T0**
**TEN NO: 277.07.026.26**
**DATE 02 SEP 26**

**NET MOSQUITO SINGLE সরবরাহের শর্তাবলী**

১। দরপত্রের সাথে ১২ টি Net Mosquito Single (ইন্ডেন্ট নমুনার অনুরূপ, প্রতি কালারের ০৬ টি করে) নমুনা হিসেবে জমা দিতে হবে। বিমান বাহিনী কর্তৃক করানো ল্যাব টেষ্ট রিপোর্ট এবং বিনির্দেশের উপর ভিত্তি করিয়া দরদাতার নমুনা গ্রহণযোগ্য কিনা তা নির্ধারণ হবে। তবে, কোন নমুনা বাহ্যিক যাচাই/বাছাইয়ে উন্নত মানের পরিলক্ষিত না হলে ল্যাব টেষ্ট ব্যাতীরেকেই উক্ত নমুনা বাতিল/প্রত্যাখ্যান করা যাবে। **নমুনা বিহীন দরপ্রস্তাব বাতিল বলে গন্য করা হবে।**

২। দরদাতার দাখিলকৃত নমুনা এবং (চুক্তি হলে) পরবর্তীতে সরবরাহকৃত দ্রব্য সদ্য প্রস্তুতকৃত, চুক্তি/ইন্ডেন্ট বিনির্দেশ অনুযায়ী উৎপাদিত, ক্রটি মুক্ত বুননকৃত ও নিখুঁত (feel, finish ইত্যাদি) হতে হবে।

৩। ইন্ডেন্টের বিনির্দেশের বিপরীতে দরদাতার দাখিলকৃত নমুনার বিনির্দেশ উলেখ করতে হবে। সংশিষ্ট বিনির্দেশের বিপরীতে Complied/Not Complied এর পরিবর্তে গানিতিক সংখ্যা, তথ্য ইত্যাদি উলেখ করতে হবে।

৪। দরপত্রের সাথে দাখিলকৃত নমুনা বিমান বাহিনী কর্তৃক গ্রহনযোগ্য হলে তাই চুক্তির অনুমোদিত নমুনা হিসেবে গন্য হবে এবং উক্ত নমুনা ও চুক্তির বিনির্দেশ অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে।

৫। প্রতিটি Net Mosquito Single এর যথোপযুক্ত প্যাকেটে সরবরাহ করতে হবে। প্রতিটি Net Mosquito Single এর যথোপযুক্ত স্থানে সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম সহ কাপড়ের স্টিকার (সেলাই দ্বারা সংযুক্ত) থাকতে হবে । চুক্তিকৃত দ্রব্য ভাল মানের কার্টুনে (কার্টুন সাইজ L- 16" X W- 18" X H- 16" or L- 32" X W- 18" X H- 16") প্যাকিং করে সরবরাহ করতে হবে।

৬। সরবরাহকারী প্রতিষ্ঠানকে চুক্তির অনুকূলে মালামাল উৎপাদনের কমপক্ষে ১৫ দিন পূর্বে বিমান সদর, সিকিউসি ইউনিট বা বি বা ও ২০১ এম ইউ বাবিবাকে অবহিত করতে হবে। মালামাল উৎপাদনের সময় বিমান সদর, সিকিউসি ইউনিট বা বি বা ও ২০১ এম ইউ বাবিবা এর প্রতিনিধিগণ মালামাল উৎপাদন পর্যবেক্ষনের জন্য মিল/ফ্যাক্টরী পরিদর্শন (Visit) করবেন।

৭। আংশিক সরবরাহ ও আংশিক মূল্য পরিশোধ গ্রহণযোগ্য তবে ০২ বারের অধিক নহে।

৮। যে সকল পণ্য দেশীয়ভাবে ক্রয় করা সম্ভব হলেও বিদেশ থেকে ক্রয় করা হচ্ছে, সে সকল বিদেশী পণ্যের উপর কোন শুল্কমুক্ত সুবিধা প্রদান করা যাবে না।

৯। যে সকল পন্য দেশীয়ভাবে ক্রয় করা হবে কিন্তু তার কাঁচামাল বিদেশ হতে আমদানী করা প্রয়োজন সেই সকল বিদেশী কাঁচামালের উপর শুল্কমুক্ত সুবিধা প্রদান করা যাবে।

১০। <u>দ্রব্যাদি সরবরাহের তফসিল</u> । চুক্তিকৃত দ্রব্যাদি চুক্তিপত্র স্বাক্ষরের ০৪ (চার) মাসের মধ্যে সরবরাহ করতে হবে।

১১। অনিবার্য কারণবশত: চুক্তি সম্পাদন বিলম্বিত হওয়ার কারণে দ্রব্য সরবরাহের সময়সীমা বর্তমান অর্থ বছর অতিক্রম করলে চুক্তিপত্রের মেয়াদ ০২ বৎসর (২০২৬-২৭ এবং ২০২৭-২৮) বলবৎ রাখার ব্যবস্থা করা হবে।

১২। <u>দ্রব্যাদি সরবরাহের স্থান</u> । সরবরাহকারীকে নিজ দায়িত্বে ও খরচে চুক্তিকৃত মালামাল ২০১ র ই বা বি বা, কুর্মিটোলা, ঢাকায় সরবরাহ করতে হবে।

১৩। <u>দ্রব্যাদি পরিদর্শন স্থান</u> । মালামালের পরিদর্শন ২০১ র ই বা বি বা, কুর্মিটোলা, ঢাকায় সি কিউ সি ইউনিট বা বি বা কর্তৃক সম্পন্ন করা হবে।

১৪। মালামাল পরিদর্শনে কোন ক্রটি পাওয়া গেলে সরবরাহকারী উহা নিজ দায়িত্বে এবং খরচে ১৫ দিনের মধ্যে বদল করে দিতে বাধ্য থাকবে ।

**১৫। চুক্তিকৃত মালামাল গ্রহণের পূর্বে প্রয়োজনবোধে ল্যাব টেষ্ট করানো হবে। ল্যাব টেষ্টের জন্য প্রয়োজনীয় সংখ্যক দ্রব্য ও ল্যাব পরীক্ষার খরচ সরবরাহকারীকে প্রদান করতে হবে।**

১৬। সরবরাহকারীর উদ্ধৃত মূল্য/চুক্তিকৃত মূল্য বর্তমান বাজার মূল্যের চেয়ে বেশী পরিলক্ষিত হলে অথবা নিদিষ্ট সময় সীমার মধ্যে সরবরাহকারী দ্রব্য সরবরাহে ব্যর্থ হলে, ক্রেতা অন্যান্য উৎস হতে চুক্তিকৃত দ্রব্য risk purchase হিসেবে ক্রয় করার অধিকার সংরক্ষণ করবে। সেক্ষেত্রে, অতিরিক্ত মূল্য চুক্তির মোট মূল্য হতে অথবা চুক্তির অনুকূলে প্রদানকৃত নিরাপত্তা জামানত হতে সমন্বয় করা হবে।

১৭। বিমান সদর কোন কারণ দর্শানো ব্যাতিরেকে দ্রব্যের পরিমান হ্রাস করতে পারবে।

১৮। অফারের মেয়াদ কমপক্ষে ০৬ (ছয়) মাস হতে হবে।

১৬। <u>মূল্য পরিশোধের শর্ত</u> । বিমান বাহিনী কর্তৃক মালামাল সন্তোষজনকভাবে গৃহীত হওয়ার পর এবং ২০১ র ই, বা বি বা হতে সি আর ভি (CRV) প্রাপ্তি সাপেক্ষে বিমান বাহিনীর সংশ্লিষ্ট বাজেট কোড হতে এস এফ সি (ডি পি), ঢাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১৭। দ্রব্যের মূল্যের সাথে ভ্যাট (VAT) ও অন্যান্য খরচ একত্রে করে দ্রব্যের একক মূল্য উল্লেখ করতে হবে। ভ্যাট (VAT) ও অন্যান্য খরচ আলাদাভাবে উল্লেখ করা যাবে না।

১৮। অন্যান্য শর্তাবলী ডিজিডিপির প্রচলিত বিধি মোতাবেক হবে।